গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০১.১৯.০০৫.১৯

ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ---------------------------
আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

## আদেশ

জনাব আকবরী খানম, নার্সিং ইন্সট্রাকটর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট , কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তৎপ্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন, অভিযোগের পুর্বাপর বিশ্লেষণ এবং সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনাপূর্বক তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় জনাব আকবরী খানম , নার্সিং ইনস্ট্রাক্টার ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট , কুমিল্লা কে অব্যাহতি প্রদান করা হল।

শোভা শাহনাজ
(উপসচিব)
পরিচালক (শৃঙ্খলা)
(মহাপরিচালকের পক্ষে)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০১.১৯.০০৫.১৯ , ১১৫/১(৮)

৯১ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ---------------------------
২৬ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে

০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি),স্বাস্থ্য সেবা বিভাগ ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৪। পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপতাল, কুমিল্লা।
০৬। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। জনাব আকবরী খানম, নার্সিং ইন্সট্রাকটর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট , কুমিল্লা ।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিংও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৯। অফিস কপি।

26/8/2020
উপপরিচালক (শৃঙ্খলা)
নার্সিংও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২৬.২০২০-

ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ---------------------------
আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ সিনিয়র স্টাফ নার্স জনাব সাবিনা ইয়াসমিনকে ২য় কারণ দর্শানোর নোটিস প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব সাবিনা ইয়াসমিন (রেজিঃ নং-০০৩৬৫৯), সিনিয়র স্টাফ নার্স পদে গত ০৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে সরকারী চাকুরীতে যোগদানের পরে গত ১৫/১২/২০১৬ খ্রিঃ তারিখে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহে যোগদান করেন এবং ১৬/১২/২০১৬ খ্রি তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকেন বিধায় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১৭/০৫/২০১৭ খ্রিঃ তারিখের ২৬৪৮ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয়। তার অননুমোদিত অনুপস্থিতির জন্য তাঁর বিরুদ্ধে ১৬/০৭/২০১৮ তারিখে ২৬১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি অভিযোগনামার প্রেক্ষিতে কোনো জবাব প্রদান করেননি। পরবর্তীতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা তাকে ২৪/০৬/২০১৯ খ্রিঃ তারিখে তদন্ত কার্যক্রমে অংশ গ্রহণের জন্য বিজ্ঞপ্তি জারী করেন। তিনি উক্ত তদন্ত কার্যক্রমে অংশগ্রহণ করেননি। তদন্তকারী কর্মকর্তা তাঁর অনুপস্থিতে তদন্ত সম্পন্ন করে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন পেশ করেন বিধায় অভিযুক্তের বিরুদ্ধে বিধি মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা প্রয়োজন।

২.জনাব সাবিনা ইয়াসমিন, সিনিয়র স্টাফ নার্স, দশম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা বিধায় তাঁর নিয়োগকারী কর্তৃপক্ষ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(৬) বিধিতে উল্লেখিত যে, "কোনো সরকারী কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোনো কর্তৃপক্ষ এই বিধিমালার অধীন কোন গুরুদন্ড আরোপ করিতে পারিবে না"।

৩.তদন্ত প্রতিবেদন অনুযায়ী, জনাব সাবিনা ইয়াসমিন, সিনিয়র স্টাফ নার্স, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ ১৬/১২/২০১৬ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩((গ) বিধি মোতাবেক তিনি চাকুরী থেকে "পলায়ন" এর অভিযোগে অভিযুক্ত হয়েছেন।

৪.বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে, জনাব সাবিনা ইয়াসমিন, সিনিয়র স্টাফ নার্স, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ কে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদানসহ সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ

| | |
|---|---|
| ১। কৈফিয়ত তলবের পত্র | ০১(এক) পাতা |
| ২। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী | ০১(এক)পাতা |
| ৩। তদন্ত প্রতিবেদন | ০১(এক) পাতা |
| ৪। ২য় কারণ দর্শানোর নোটিশের খসড়া | ০১(এক)পাতা |

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ইমেইলঃ info@dgnm.gov.bd
ফোনঃ ৯১৩৬৬৭৪

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২৬.২০২০- ৯২৮/২(৭)

তারিখঃ ১১ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ

২৬ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি),স্বাস্থ্য সেবা বিভাগ ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
০৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সেবা তত্ত্বাবধায়ক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৭। অফিস কপি।

২৫/০৮/২০২০

শোভা শাহনাজ
(উপসচিব)
পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।